

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)

ই-১৭, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১৮ নভেম্বর, ২০১৯

সময় : দুপুর ৩.০০ ঘটিকা

সভার স্থান : সচিব মহোদয়ের দপ্তর

সভাপতি : সুবাস চন্দ্র সাহা, সচিব (চলতি দায়িত্ব) ও চীফ ইনোভেশন অফিসার,
বিআইডিএস, ঢাকা।

সভায় নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেন :

১। জনাব সুবাস চন্দ্র সাহা, সচিব (চলতি দায়িত্ব)

- চীফ ইনোভেশন অফিসার

২। জনাব রিটন কুমার রায়, আইটি ম্যানেজার (চলতি দায়িত্ব)

- সদস্য

৩। জনাব মোঃ শফিকুল ইসলাম, গ্রন্থাগারিক

- সদস্য

৪। জনাব চন্দন কুমার দাস, প্রোগ্রামার

- সদস্য

৫। জনাব রিজওয়ানা ইসলাম, রিসার্চ এসোসিয়েট

- সদস্য

৬। জনাব মোঃ জাহিদুল ইসলাম, হিসাবরক্ষক

- সদস্য

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে গত ২৬ সেপ্টেম্বর, ২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর অগ্রগতি পর্যালোচনা করা হয়।

সভায় গৃহীত সিদ্ধান্ত/আলোচনা নিম্নরূপ :

১। প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ (এক) দিনের প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের বিষয়টি আলোচনা করা হয়। ডিসেম্বরের প্রথম বা দ্বিতীয় সপ্তাহে উক্ত সেমিনারটি আয়োজনের সুপারিশ করা হয়।

২। ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি এবং সেটি বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ ব্যাপারে আইটি ম্যানেজার জনাব রিটন কুমার রায় (চলতি দায়িত্ব) এর প্রস্তাবিত লাইব্রেরীতে অনলাইনে সদস্য অন্তর্ভুক্ত করার বিষয়টি প্রধান গ্রন্থাগারিকের সাথে আলোচনা পূর্বক একটি প্রস্তাবনা উপস্থাপনের অনুরোধ জানানো হয়।

৩। মেডিক্যাল সেবা উন্নয়নের নিমিত্ত প্রাথমিক চিকিৎসা বিষয়ক সেবা যেমন রক্ত টেস্ট, ডায়াবেটিস টেস্ট প্রভৃতি সেবা অন্তর্ভুক্ত করার বিষয়টি তুলে ধরা হয় এবং এটি বাস্তবায়নের সুপারিশ করা হয়।

৪। PF এ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর কত টাকা জমা আছে তা জানার ব্যবস্থা রাখার বিষয়টি নিয়ে আলোচনা করা হয় যাতে যে কোন কর্মকর্তা/কর্মচারী তার PF এ জমাকৃত অর্থের পরিমাণ মোবাইল এসএমএস কিংবা অন্য কোন মাধ্যমে জানতে পারে। এ বিষয়ে IT শাখা থেকে উদ্ভাবনী ধারণা দিবে।

৫। উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য বর্তমান বাজেট সংশোধন করে টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) মাত্র উত্তীর্ণ করার জন্য সুপারিশ করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ জাহিদুল ইসলাম, হিসাবরক্ষক-কে দায়িত্ব প্রদান করার জন্য সুপারিশ করা হয়।

৬। আগামীতে প্রতি ২ (দুই) মাসের মধ্যে ১ (এক) টি করে সভা অর্থাৎ বছরে সর্বমোট ৬ (ছয়) টি সভা আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।